



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা
নগর, ঢাকা-১২০৭
কাস্টমস: অটোমেশন শাখা
<https://nbr.gov.bd>



স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.১৬৩

৮ অশ্বিন ১৪৩৩
তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: ASYCUDA World সিস্টেমে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম চালুকরণ।

স্থান: কাস্টমস হাউস আইসিডি চট্টগ্রাম এর পত্র নং-এস/এস্টাব/০৪/বিবিধ/২০২৬/৫৫৬ (কাস), তারিখ: ২০/০৭/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ASYCUDA World সিস্টেমে Self Clearance-এর জন্য নিয়োজিত AIN-এর বিপরীতে AIN এন্ট্রির প্রাক্কালে অথবা তৎপরবর্তীকালে ০১ (এক)টি BIN Binding করার সুযোগ রয়েছে। উক্ত BIN Binding-এর ফলে সংশ্লিষ্ট Self Clearance AIN ব্যবহার করে কেবলমাত্র Bindingকৃত BIN-এর আমদানি-রপ্তানি চালান প্রসেসিংয়ের সুযোগ রয়েছে। বিদ্যমান ব্যবস্থায় একই AIN-এর বিপরীতে ০২ (দুই) বা ততোধিক BIN Binding করার সুযোগ নেই। ফলে উক্ত পদ্ধতিতে পৃথক কোনো ঝুঁকি ব্যবস্থাপনা ব্যবস্থা গ্রহণ ব্যতিরেকেই Self Clearance AIN-এর মাধ্যমে ০১ (এক)টি মাত্র BIN-এর আমদানি-রপ্তানি কার্যক্রম নিয়ন্ত্রণ করা সম্ভব।

০২। উল্লেখ্য, ASYCUDA World সিস্টেমে ইতোমধ্যে IM4, IM7 এর আওতাধীন সকল পর্যায়ের আমদানিকারকের বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলকালে AIN, BIN ট্যাগিং বাধ্যতামূলক করা হয়েছে। একই প্রক্রিয়া অনুসরণপূর্বক <https://bdcams.bdcustoms.gov.bd> ব্যবহার করে রপ্তানির লক্ষ্যে রপ্তানিকারকের আবেদনক্রমে সকল পর্যায়ের রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং আবেদন গ্রহণ, অনুমোদন ও ASYCUDA World সিস্টেমে ট্যাগিং কার্যক্রম চালুর নীতিগত সিদ্ধান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হয়েছে। রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং সম্পন্নকরণে নিম্নবর্ণিত কর্ম পদ্ধতি অনুসৃত হবে:

(ক) রপ্তানিকারকগণ তাঁদের BIN ও e-VAT সিস্টেমে BIN এর বিপরীতে নিবন্ধিত মোবাইল নম্বর এবং মোবাইল নম্বরে প্রেরিত OTP ব্যবহার করে <https://bdcams.bdcustoms.gov.bd>-এ লগ-ইন সম্পন্ন করবেন। লগ-ইনের পর যে সকল কাস্টমস হাউস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের আওতাধীন স্থল কাস্টমস স্টেশনের মাধ্যমে রপ্তানি সম্পন্ন করতে আগ্রহী, সে সকল অফিস কোড ও তৎসংশ্লিষ্ট AIN সমূহ নির্মাচনপূর্বক আবেদন দাখিল করবেন:

(খ) কাস্টমস হাউস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের আওতাধীন স্থল কাস্টমস স্টেশনের দায়িত্বপ্রাপ্ত সহকারী/উপ কমিশনার <https://bdcams.bdcustoms.gov.bd> ব্যবহার করে উক্ত আবেদন অনুমোদন করবেন;

(গ) <https://bdcams.bdcustoms.gov.bd>-এ ট্যাগিং আবেদন অনুমোদনের পর সংশ্লিষ্ট আইটি কর্মকর্তা ASYCUDA World সিস্টেমে AIN, BIN ট্যাগিং সম্পন্ন করবেন;

(ঘ) ট্যাগিং আবেদন অনুমোদন ও ASYCUDA World সিস্টেমে অন্তর্ভুক্তির ক্ষেত্রে First In First Out (FIFO) পদ্ধতি অনুসরণ করতে হবে এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ট্যাগিং কার্যক্রম মনিটরিং করা হবে;

(ঙ) কোন রপ্তানিকারক তাঁর BIN এর বিপরীতে মনোনীত AIN প্রত্যাহার করতে হলে <https://bdcams.bdcustoms.gov.bd> -এর মাধ্যমে আবেদন করবেন। সহকারী/উপ কমিশনার কর্তৃক প্রত্যাহার আবেদন

অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট আইটি কর্মকর্তা ASYCUDA World সিস্টেমে BIN এর বিপরীতে AIN প্রত্যাহার সম্পন্ন করবেন;

(চ) আগামী ১লা অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে <https://bdcams.bdcustoms.gov.bd> ব্যবহার করে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। উল্লিখিত ট্যাগিং কার্যক্রম সম্পন্ন হলে ASYCUDA World সিস্টেমে মনোনীত AIN ও BIN ব্যতীত অন্য কোনো AIN ও BIN ব্যবহার করে যাতে রপ্তানি কার্যক্রম সম্পাদন করা না যায় সে কার্যক্রম গ্রহণ করা হবে। এমতাবস্থায়, AIN ও BIN ট্যাগিং কার্যক্রম আগামী ০১ (এক) মাস তথা ৩১ অক্টোবর, ২০২৬ খ্রি.তারিখের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনকে অবহিতকরণ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-০৯-২০২৬

সন্তোষ সরেন

দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)

ফোন : ০২২২-২১৭৮৪৬

ইমেইল : customs.automation@nbr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি)/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ শুদ্ধ রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ মোংলা/ আইসিডি, কমলাপুর/ আইসিডি, চট্টগ্রাম/ পানগাঁও/ বেনা পোল/ভোমরা।
- ৩। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ সি লেট/ রাজশাহী/ খুলনা/ যশোর/ রংপুর/ কুমিল্লা/ নারায়ণগঞ্জ/ গাজীপুর/ ময়মনসিংহ/বরিশাল/ কক্সবাজার।
- ৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।
- ৫। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট/ ইকোনোমিক জোন কমিশনারেট, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.১৬৩/১ (১)

তারিখ: ৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৪-০৯-২০২৬

সন্তোষ সরেন

দ্বিতীয় সচিব